সমকাল

- 5 AUG 2017
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# ব্র্যাক শিক্ষার্থীরা আবারও আন্দোলনে

■ সমকাল প্রতিবেদক

ব্র্যাক বিশ্ববিদ্যালয় প্রশাসনের আশ্বাসে বৃহস্পতিবার রাতে আন্দোলন স্থগিতের ঘোষণা দিলেও রেজিস্ট্রারের অব্যাহতির দাবিতে আবারও অবস্থান কর্মসূচি শুরু করেছেন শিক্ষার্থীরা।

গতকাল শুক্রবার সকালে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের দুটি কোর্সের পরীক্ষা হওয়ার কথা থাকলেও পরীক্ষার্থীরা তাতে অংশ না নেওয়ার কথা জানিয়েছেন।

অনশনে অংশ নেওয়া শিক্ষার্থী নোমান পারভেজ সমকালকে বলেন, প্রশাসনের আশ্বাসে তারা অনশন স্থগিত করেন। তবে রেজিস্ট্রারের পদত্যাগের সুরাহা না হওয়ায় তারা আবারও আন্দোলন শুরু করেছেন। বিকেলে কর্মসূচি শেষ হয়।

আন্দোলনকারীদের মুখপাত্র কামরুন নাহার ডানা সাংবাদিকদের বলেন, রেজিস্ট্রারকে তদন্ত চলাকালে কাজ থেকে অব্যাহতির আনুষ্ঠানিক ঘোষণা না দেওয়ায় তারা ফের অবস্থান কর্মসূচি শুরু করেছেন এবং পরীক্ষা বর্জন করছেন।

কামরুন নাহার আরও বলেন, আমরা কাউকে পরীক্ষা দিতে বাধা দিচ্ছি না। কিন্তু সিএসইর শেষ বর্ষের শিক্ষার্থীরা পরীক্ষা দিতে যায়নি।

সিএসইর নাঈব রিদওয়ান বলেন, আন্দোলনের সঙ্গে একাত্ম হয়ে তারা কেউই পরীক্ষায় অংশ নেননি। পরীক্ষা প্রস্তুতির জন্যও স্বাভাবিকভাবে সময় দেওয়া হয়। সেভাবে রুটিন দেওয়া হোক।

এসব বিষয়ে জানতে উপাচার্য অধ্যাপক সৈয়দ সাদ আন্দালিবকে ফোন দেওয়া হলে তিনি ধরেননি।

আইন বিভাগের চুক্তিভিত্তিক শিক্ষক ফারহান উদ্দিন আহমেদ গত রোববার রেজিস্ট্রারসহ কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে মারধরের অভিযোগ তোলার পর থেকে রাজধানীর মহাখালীর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা চলছে। শিক্ষক লাঞ্ছনাকারীদের শাস্তির দাবিতে বিক্ষোভের মধ্যেই গত মঙ্গলবার শিক্ষার্থীদের ওপর নিরাপত্তা কর্মীদের 'হামলা'র ঘটনা ঘটে। এর বিচারের দাবিতে বৃহস্পতিবার শিক্ষার্থীরা আমরণ অনশন শুরু করলে আন্দোলনে নতুন মাত্রা পায়। উদ্ভূত পরিস্থিতিতে বৃহস্পতিবার রাতে শিক্ষার্থীদের সামনে এসে সব অভিযোগের তদন্ত করার আশ্বাস দেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সামিয়া হক। এরপর ৭২ ঘণ্টার আলটিমেটাম দিয়ে আন্দোলন স্থগিতের ঘোষণা আসে শিক্ষার্থীদের পক্ষ থেকে।